গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
বোর্ড প্রশাসন-২ শাখা

নথি নংঃ- ০৮.০১.০০০০.০০২.১৫.০০৪.২০২১/৮৫

তারিখঃ ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়: অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত কর্মসম্পাদন সূচকের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: ০১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নথি নং-০৮.০০.০০০০.০৩৮.৯৯.০০৩.২০.৩৫, তাং- ১৭.০১.২২ খ্রি.।
০২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নথি নং-০৮.০০.০০০০.০৩৮.৯৯.০০৩.২০.৩৭, তাং- ১৮.০১.২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত কর্মসম্পাদন সূচকের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এতদ্‌সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

(বশীর আহমেদ)
অতিরিক্ত সচিব
সদস্য (বোর্ড প্রশাসন)

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: মো: আহসান হাবিব, উপ সচিব, শাখা-৪(শুল্ক-মূসক)

নথি নংঃ- ০৮.০১.০০০০.০০২.১৫.০০৪.২০২১

তারিখঃ ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

০১। সদস্য, (বোর্ড প্রশাসন) ও ফোকালপয়েন্ট (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে আপলোডকরণের জন্য)।
০৩। প্রথম সচিব, (বোর্ড প্রশাসন), সদস্য সচিব, শুদ্ধাচার বাস্তবায়ন কমিটি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

(কাজিয়া সুলতানা)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)
ফোনঃ ৮৩১৮১২০ এক্সঃ ৩৭৭
admn2nbr@gmail.com

D:\shuddhachar quter-21-22\3.1,3.3,3.5 shuddhachar\শুদ্ধাচার (3.1),(3.3),(3.5).docx

সংলাগ-ক

## জাতীয় রাজস্ব বোর্ডের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত নিম্নোক্ত কর্মসম্পাদন সূচকের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন

| ক্র. | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | [৩.১] VAT আদায়ে স্বচ্ছতা আনয়নের জন্য Electronic Fiscal Device (EFD) এর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানে VAT আদায় ব্যবস্থা চালু। | ২০২১-২২ অর্থবছরের ২য় কোয়ার্টারে ৭৫০টি প্রতিষ্ঠানের EFD এর মাধ্যমে VAT আদায় ব্যবস্থা চালুকরণ/বাস্তবায়ন। | ২০২১-২২ অর্থবছরের ২য় কোয়ার্টারে ৪৪৭ টি প্রতিষ্ঠানে EFD স্থাপন করা হয়েছে। জানুয়ারি, ২০২২ পর্যন্ত ৩৯৫১ টি EFD/SDC সিস্টেম স্থাপিত হয়েছে। |
| ২ | [৩.৩] Qcash নেটওয়ার্কের সাথে সংযুক্ত বিভিন্ন ব্যাংকের Debit/Credit/Prepaid কার্ডের মাধ্যমে কর পরিশোধসহ করদাতার ব্যাংক একাউন্ট হতে সরাসরি কর পরিশোধের জন্য ই-পেমেন্টের মাধ্যমে রাজস্ব আহরণ। | ২০২১-২২ অর্থবছরের ২য় কোয়ার্টারে ১০% হারে বাস্তবায়ন। | ২০১৯ খ্রি. থেকে Qcash এর নেটওয়ার্ক IT Consultants Limited (ITCL) এর পরিবর্তে সোনালী ব্যাংকের ই-পেমেন্ট সিস্টেম (পেমেন্ট গেটওয়ে) ব্যবহার করে বিভিন্ন কমার্সিয়াল ব্যাংকের Debit/Credit/Prepaid/VISA/Master/ DBBL Nexus কার্ডের মাধ্যমে সরাসরি ভ্যাট ও ট্যাক্সের প্রদেয় অর্থ পরিশোধ করতে পারছেন।<br>e-Payment Collection (Using only card) VAT and TAX from Fiscal Year 2021-22 (see table below) |
| ৩ | ৩.৫ মিথ্যা ঘোষণা হ্রাসকরণের জন্য বন্দরে স্ক্যানার স্থাপন। | ২য় কোয়ার্টারে ০৩ টি স্ক্যানার স্থাপন। | মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ইতঃপূর্বে মোট দুইটি ধাপে ১৩টি কন্টেইনার স্ক্যানার ক্রয়ের অনুমোদন পাওয়া যায় (প্রথম ধাপে, ০৬টি এবং দ্বিতীয় ধাপে, ০৭টি)।<br><br>প্রথম ধাপে, উক্ত ০৬টি কন্টেইনার স্ক্যানার ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হলেও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বুয়েট, বাংলাদেশ এটমিক এনার্জি কমিশন এবং জাতীয় রাজস্ব বোর্ডের সমন্বয়ে গঠিত মূল্যায়ন কমিটি কর্তৃক অংশগ্রহণকারী সকল দরদাতাগণ Nonresponsive ঘোষিত হওয়ায় পরবর্তীতে HOPE কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট রুলস ,২০০৮ অনুযায়ী উক্ত দরপত্র বাতিল করা হয়।<br><br>উপরন্তু, মাননীয় অর্থ মন্ত্রীর নিকট থেকে ইতঃপূর্বে দ্বিতীয় ধাপে আরো ০৭টি কন্টেইনার স্ক্যানার ক্রয়ের অনুমোদন থাকায় বর্তমানে এ লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এ পর্যায়ে, বিস্তারিত বিনির্দেশ প্রস্তুতসহ এতদসংক্রান্ত অন্যান্য কমিটিসমূহ গঠন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। |

| SL | Type of Pament | Month & year | No. of Transection | Total Amount (BDT) |
|---|---|---|---|---|
| | TAX | 2021-22 | 5347 | 5,46,61065.78/- |
| | VAT | 2021-22 | 454 | 27,87,822.38/- |